

TDC (CBCS) Even Semester Exam., 2019

বাংলা

(দ্বিতীয় ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGHCC-202T

(উনিশ শতকের বাংলা গদ্য ও নাটক)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

ক—গুচ্ছ

১। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ৪ = ৪$

- (ক) ‘সীতার বনবাস’ কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রথম প্রকাশিত হয় ?
- (খ) কোন্ নাট্যকার ও কোন্ প্রাচীন কবির কাব্য অবলম্বনে বিদ্যাসাগর ‘সীতার বনবাস’ রচনা করেন ?
- (গ) অরুন্ধতী কোন্ ঋষির পত্নী ?
- (ঘ) মুনি ঋষ্যশৃঙ্গর পিতার নাম কী ?
- (ঙ) চিত্রকূট কী ?

২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ‘সীতার বনবাস’ ছাড়া বিদ্যাসাগরের যে-কোন দুটি অনুবাদ-গ্রন্থের নাম লেখো।

(খ) বিদ্যাসাগর কবে, কোথায় জন্মগ্রহণ করেন ?

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) অনুবাদগ্রন্থ হিসাবে ‘সীতার বনবাস’ গ্রন্থটির মৌলিকতার দিকগুলি সংক্ষেপে আলোচনা করো।

(খ) “বিদ্যাসাগরের সীতা চরিত্রটি করুণরসের আকর।” মন্তব্যটি পর্যালোচনা করো।

খ—গুচ্ছ

৪। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ৪ = ৪$

(ক) বঙ্কিমচন্দ্রের ‘বিবিধ প্রবন্ধ’ গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয় ?

(খ) ‘বিবিধ প্রবন্ধ’-এর প্রথমভাগ কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ?

(গ) ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত ?

(ঘ) দেসদিমনা কোন্ নাটকের চরিত্র ?

(ঙ) ‘বিবিধ প্রবন্ধ’ গ্রন্থে সর্বমোট কয়টি প্রবন্ধ আছে ?

(3)

- ৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২
- (ক) ‘বিবিধ প্রবন্ধ’-এর ‘বাঙালির ইতিহাস’ প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ?
- (খ) কত খ্রিস্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্ত আইন প্রণীত হয় ?
- ৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮
- (ক) ‘চিরস্থায়ী বন্দোবস্ত’-এর ফলে বাংলার চাষীদের জীবনে যে দুর্দশা নেমে এসেছিল ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধ অনুসরণে আলোচনা করো।
- (খ) বঙ্কিমচন্দ্রের প্রবন্ধ অনুসরণে গীতকাব্যের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

গ—গুচ্ছ

- ৭। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 8 = 8$
- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনটি গ্রন্থাকারে কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?
- (খ) ‘একেই কি বলে সভ্যতা’ ছাড়া মাইকেলের অন্য আরেকটি প্রহসনের নাম লেখো।
- (গ) কয়টি অঙ্কে ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনটি বিন্যস্ত হয়েছে ?
- (ঘ) হরকামিনী কে ?
- (ঙ) কালীনাথের প্রকৃত নাম কী ?

J9/2186

(Turn Over)

(4)

- ৮। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২
- (ক) মাইকেল মধুসূদন কত খ্রিস্টাব্দে, কোথায় জন্মগ্রহণ করেন ?
- (খ) কালীনাথ কে ? তাঁর সম্পূর্ণ নাম কি ছিল ?
- ৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮
- (ক) প্রহসন কাকে বলে ? ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসন হিসাবে সার্থক কি না, বিচার করো।
- (খ) “ ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে নবকুমার ব্যক্তি চরিত্র হলেও একটি শ্রেণির প্রতিনিধিত্ব করেছে।” আলোচনা করো।

ঘ—গুচ্ছ

- ১০। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 8 = 8$
- (ক) ‘নীলদর্পণ’ কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?
- (খ) ‘নীলদর্পণ’ নাটকের ইংরেজি অনুবাদক কে ?
- (গ) দীনবন্ধু মিত্রের জন্মসাল কত ?
- (ঘ) ‘নীলদর্পণ’ ইংরেজিতে অনূদিত হবার পর কি নামকরণ করা হয়েছে ?
- (ঙ) বিন্দুমাধবের স্ত্রীর নাম কী ?

J9/2186

(Continued)

(5)

- ১১। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২
- (ক) ‘নীলের দাদন’ বলতে কি বোঝ ?
- (খ) “যুঁটে কুড়ানীর ছেলে সদর নায়েব।” কে, কার সম্পর্কে একথা বলেছে ?
- ১২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮
- (ক) ‘নীলদর্পণ’ নাটকের নামকরণের সার্থকতা সংক্ষেপে আলোচনা করো।
- (খ) ‘নীলদর্পণ’ নাটকের নবীনমাধব চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

ঙ—গুচ্ছ

- ১৩। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪
- (ক) ‘বিসর্জন’ নাটকটি কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয় ?
- (খ) রবীন্দ্রনাথ ‘বিসর্জন’ নাটকটি কাকে উৎসর্গ করেন ?
- (গ) গোবিন্দমাণিক্য কোথাকার রাজা ?
- (ঘ) ‘বিসর্জন’ নাটকে মোট কয়টি অঙ্ক আছে ?
- (ঙ) ‘বিসর্জন’ নাটকটি রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসের কাহিনী অবলম্বনে রচিত ?

(6)

- ১৪। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২
- (ক) ‘বিসর্জন’ নাটকের মূল আখ্যানের সঙ্গে কোন্ রাজ্যের ও কোন্ মন্দিরের সম্পর্ক আছে ?
- (খ) ‘বিসর্জন’ নাটকে গোবিন্দমাণিক্যের অনুজ ভ্রাতার নাম কী ? ভিখারিনী বালিকা কে ?
- ১৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮
- (ক) ‘বিসর্জন’ নাটকের নামকরণের সার্থকতা সংক্ষেপে বিশ্লেষণ করো।
- (খ) জয়সিংহ চরিত্রটি বিশ্লেষণ করো।
